# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 12-07-2026** **Time: 1.40 PM**

রাজ্যে বড় বিনিয়োগ আকর্ষণে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির জন্য ‘এক জানালা’ পদ্ধতি গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আগের নীতির পরিবর্তন করে রাজ্য সরকার নিজেই জমি কিনে শিল্প সংস্থাগুলির হাতে তুলে দেবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন। সরকার ল্যান্ড সিলিং আইনেও পরিবর্তন আনছে। হুগলীর ডানকুনিতে গতকাল একটি হোসিয়ারি সংস্থার কারখানা সম্প্রসারণ অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি একথা বলেন।

শিল্পমন্ত্রী তাপস রায় বলেন, পশ্চিমবঙ্গ শিল্পের আদর্শ জায়গা হলেও গত পাঁচ দশকের অবহেলার কারণে রাজ্যে শিল্পের খরা। নতুন শিল্প গড়ে উঠলে রাজ্যের শ্রমিকদের আর কাজের খোঁজে বাইরে যেতে হবে না।

শ্রমিক মালিক সংঘর্ষ নয়, শ্রমিক ও মালিকের মধ্যে সমন্বয় রেখে রাজ্যে শিল্পায়ন হবে বলে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

উল্লেখ্য, প্রায় ৬০০ কোটি টাকা ব্যয়ে ডানকুনিতে, হোসিয়ারি সংস্থার সম্প্রসারণ এই কারখানার সম্প্রসারণ হচ্ছে।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের গণপিটুনিতে ইন্দ্রজিৎ মণ্ডলের মৃত্যুর ঘটনায় পুলিশ আরও দুই অভিযুক্তকে গ্রেফতার করেছে। এর আগে এই ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করা হয়েছিল। ফলে মোট গ্রেফতারের সংখ্যা বেড়ে দাঁড়াল সাত। পুলিশ জানিয়েছে, ধৃতদের মধ্যে শামিম আলি খান বারুইপুরের বাসিন্দা। অন্যদিকে, গণপিটুনির পাশাপাশি পুলিশকে লক্ষ্য করে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় চলা তদন্তেও একের পর এক গ্রেফতারি চলছে। সব মিলিয়ে গণপিটুনি ও ভাঙচুরের ঘটনায় এখনও পর্যন্ত ৪০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে ঘটনার সঙ্গে জড়িত আরও অভিযুক্তদের খোঁজ চালানো হচ্ছে।

---------------------

একগুচ্ছ কর্মসূচী নিয়ে ফের রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। এমাসের ১৮ ও ১৯ তারিখ তাঁর বিভিন্ন কর্মসূচী রয়েছে। ১৮ ই জুলাই হাওড়ার সাঁকরাইলে আমুলের দুগ্ধজাত সামগ্রীর কারখানার উদ্বোধন করবেন তিনি। ১৯ তারিখ দলের নেতা কর্মীদের নিয়ে কর্মসূচী রয়েছে স্বরাষ্ট্র মন্ত্রীর।

ঐদিন বিকেলেই তিনি দিল্লী রওনা দেবেন।

---------------------

কলকাতা পুরসভার ওয়ার্ড পুনর্বিন্যাসের প্রস্তুতি চলছে বলে, পুরসভা সূত্রে জানা গেছে। পুনর্বিন্যস্ত এলাকার ভিত্তিতেই পুর ভোট হবে বলে মনে করা হচ্ছে।

সম্প্রতি রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, পুরসভা এলাকা পুনর্বিন্যাসের পর নির্বাচনের পক্ষে মত প্রকাশ করেছিলেন। বর্তমানে কলকাতা পুর এলাকায় ১৪৪ টি

ওয়ার্ড রয়েছে। পুরসভার সার্ভে ও আইন বিভাগ যৌথভাবে এই পুনর্বিন্যাসের কাজ করবে।

---------------------

উত্তরবঙ্গের বন্ধ ও রুগ্ন চা বাগানগুলির বর্তমান পরিস্থিতি এবং শ্রমিকদের নানা সমস্যা নিয়ে আজ শিলিগুড়ির উত্তরকন্যায় গুরুত্বপূর্ণ বৈঠকে বসছেন রাজ্যের শ্রমমন্ত্রী অর্জুন সিং। আজ তিনি শিলিগুড়িতে পৌঁছেছেন। উপস্থিত থাকবেন বিভিন্ন জেলার বিধায়ক, সাংসদ এবং সংশ্লিষ্ট প্রশাসনিক আধিকারিকরা।

এই বৈঠকে বন্ধ ও রুগ্ন চা বাগানের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করা হবে। বিশেষভাবে চা শ্রমিকদের বকেয়া মজুরি, আবাসন, স্বাস্থ্য, পানীয় জল, শিক্ষা-সহ বিভিন্ন মৌলিক সমস্যার বিষয়গুলি নিয়ে কথাবার্তা হওয়ার কথা। পাশাপাশি দীর্ঘদিন ধরে বন্ধ বা সংকটের মুখে থাকা চা বাগানগুলিকে কীভাবে পুনরুজ্জীবিত করা যায় এবং শ্রমিকদের স্বার্থ রক্ষায় কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে, তা নিয়েও আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে।

---------------------

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক ১৪ জুলাই তৃতীয় ‘নমস্তে দিবস’ পালন করবে। ২০২৩ সালে ন্যাশনাল অ্যাকশন ফর মেকানাইজড স্যানিটেশন ইকোসিস্টেম প্রকল্প চালু হওয়ার তিন বছর পূর্তি উপলক্ষে এই দিবস পালিত হবে।মূল অনুষ্ঠান এবং দিব্য কলা মেলা অনুষ্ঠিত হবে কলকাতার রবীন্দ্র সদনে । একই সঙ্গে দেশের বিভিন্ন স্থানীয় নগর সংস্থায়ও সমান্তরাল কর্মসূচির আয়োজন করা হবে।

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী ড. বীরেন্দ্র কুমার অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারীও উপস্থিত থাকার কথা। এছাড়াও বিভিন্ন মন্ত্রী, সাংসদ, বিধায়ক, কেন্দ্র ও রাজ্য সরকারের ঊর্ধ্বতন আধিকারিক, জেলা প্রশাসনের প্রতিনিধিরা, ন্যাশনাল সাফাই কর্মচারী ফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রতিনিধিসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা অংশ নেবেন।

--------------------

তারাতলায় গোডাউন বিপর্যয়ের প্রেক্ষিতে, শহরে নির্মাণ সংক্রান্ত নানা বিষয় নিয়ে গতকাল পুর ভবনে বৈঠক হয়েছে। কলকাতা পুরসভার কমিশনার তথা প্রশাসক স্মিতা পাণ্ডে সেখানে উপস্থিত ছিলেন।

পুরসভার সংযোজিত এলাকায় জমি সংক্রান্ত সমস্যার নিরসনে ‘রিমোট সেনসিং’ প্রযুক্তি ব্যবহারের সিদ্ধান্ত হয়েছে।

--------------------

দীর্ঘ প্রতীক্ষার পর, দক্ষিণ ২৪ পরগণা জেলায় ফের শুরু হয়েছে গ্রামীণ কর্ম সংস্থান প্রকল্পের কাজ। ২০২১-এর পর দুর্নীতির অভিযোগে এই জেলায় প্রকল্পটির কাজ স্থগিত রাখা হয়। কেন্দ্রীয় সরকারের VB–GRAMG প্রকল্পের আওতায় ১২৫ দিনের কাজের সুবিধা পাবেন, এই জেলার গ্রামীণ এলাকার মানুষ। প্রাথমিকভাবে সাগর ব্লকের গঙ্গাসাগরের কমলপুর এলাকায় নতুন প্রকল্পের কাজ শুরু হয়েছে। প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়িত হলে, এলাকার দিনমজুর ও প্রান্তিক মানুষের উপকার হবে বলে স্থানীয় বিধায়ক জানিয়েছেন।

--------------------

প্রাচীন বৈষ্ণব পরম্পরা মেনে উত্তর ২৪ পরগণার পাণিহাটি থেকে আজ শ্রীক্ষেত্র পুরীধামের উদ্দেশে রাঘব পন্ডিতের ঝালি পাঠানো হবে। নীলাচলে শ্রীচৈতন্যদেবের অবস্থানকালে এখন থেকে প্রায় পাঁচশো বছর আগে রাঘব পন্ডিত ও তাঁর ভগ্নি দময়ন্তী দেবী রথযাত্রার আগে মহাপ্রভুর প্রিয় বিভিন্ন দ্রব্য সামগ্রী পুরীধামে পাঠানো শুরু করেন। সেই প্রথা মেনে প্রতি বছরের মতো এবছর রাঘবের ঝালি পুরীতে পাঠানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

---------------------

বিশ্বকাপ ফুটবলে, আর্জেন্টিনা সেমিফাইনালে উঠেছে। কোয়ার্টার ফাইনালের শেষ ম্যাচে, আজ, কানসাস সিটি স্টেডিয়ামে, আর্জেন্টিনা, সুইজারল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে দেয়।

১০ মিনিটে আর্জেন্টিনার হয়ে প্রথম গোল করেন অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার। এরপর ৬৭ মিনিটে সুইজারল্যান্ডের ড্যান এন্ডোয়ে সমতা ফেরান। ৭২ মিনিটে রেফারি সুইজারল্যান্ডের ব্রিল এমবোলো-কে লালকার্ড দেখান। নির্ধারিত সময়ে খেলা ১-১ থাকার পর, অতিরিক্ত সময়ের ১১২ মিনিটে আর্জেন্টিনার জুলিয়ান আলভারেজ ও সংযুক্ত সময়ে লাউতারো মার্টিনেজ গোল করে দলকে জিতিয়ে দেন।

সেমিফাইনালে, আর্জেন্টিনা, ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

এদিকে, গতরাতে, কোয়ার্টার ফাইনালে, ইংল্যান্ড, নরওয়েকে ২-১ গোলে হারিয়ে সেমিফাইনালে উঠেছে। নরওয়ের হয়ে আন্দ্রেয়াস শেলদেরুপ ৩৬ মিনিটে গোল করে দলকে এগিয়ে দেন। প্রথমার্ধের সংযুক্ত সময়ে, তা শোধ করেন ইংল্যান্ডের জুড বেলিংহ্যাম। নির্ধারিত সময়ে, খেলা অমীমাংসিত থাকায়, অতিরিক্ত সময়ে খেলা

গেলে, ৯৩ মিনিটে ইংল্যান্ডের হয়ে বেলিংহ্যাম আরও একটি গোল করলে, ইংল্যান্ড জিতে যায়।

ইতিমধ্যেই, ফ্রান্স ও স্পেন, সেমিফাইনালে উঠেছে।

---------------------

রাজ্যের সর্বত্র আগামী দুদিন, ভারি বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে কয়েকটি জায়গায়, অতিভারি বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

--------------------- ---------------------